

কুয়েত এয়ারওয়েজের টিকিটে ১৫শতাংশ পর্যন্ত ছাড়

- A Monitor Desk Report

Date: 06 June, 2025



ঢাকাঃ যাত্রীদের জন্য বিশেষ মূল্যছাড়ের ঘোষণা দিয়েছে কুয়েত এয়ারওয়েজ। এয়ারলাইনের পক্ষ থেকে জানানো হয়েছে, ইকোনমি ও বিজনেস ক্লাসের টিকিটে সর্বোচ্চ ১৫ শতাংশ পর্যন্ত ছাড় দেওয়া হবে।

কুয়েত এয়ারওয়েজ জানায়, অফারটি প্রযোজ্য সব আন্তর্জাতিক রুটের ক্ষেত্রে এবং এটি কার্যকর থাকবে ২০২৫ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত যেকোনো ভ্রমণের জন্য।

এই ছাড়ে টিকিট পেতে কুয়েত এয়ারওয়েজের ওয়েবসাইটে গিয়ে সুবিধামতো গন্তব্য ও তারিখ দিয়ে বুকিং করে রাখতে হবে।

এয়ারলাইন সূত্রে জানা গেছে, ভ্রমণকে আরও সশ্রমী ও আরামদায়ক করে তুলতেই এই মূল্যছাড়ের উদ্যোগ নেওয়া হয়েছে। অফারটির আওতায় টিকিট বুকিং করতে হবে নির্দিষ্ট শর্তাবলীর ভিত্তিতে, যা ওয়েবসাইটে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

সংস্থাটি জানায়, ব্যক্তিগত সফর, পারিবারিক ভ্রমণ কিংবা কর্পোরেট ট্রিপ[]যেকোনো উদ্দেশ্যেই কুয়েত এয়ারওয়েজের এই ছাড় হতে পারে একটি বড় সুযোগ। বিশেষ করে যারা বছরের দ্বিতীয় ভাগে আন্তর্জাতিক ভ্রমণের পরিকল্পনা করছেন, তাদের জন্য এই অফারটি কাজে লাগতে পারে উল্লেখযোগ্যভাবে।

-B